

ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮:৮০

া আরবি মূল আয়াত:

وَ اَمَّا الغُلُمُ فَكَانَ اَبَوْهُ مُؤْمِنَينِ فَخَشِينَا اَن يُّرهِقَهُمَا طُغيَانًا قَ كُفرًا ﴿ ٨٠﴾

'আর বালকটির বিষয় হল, তার পিতা-মাতা ছিল মুমিন। অতঃপর আমি আশংকা* করলাম যে, সে সীমালংঘন ও কুফরী দ্বারা তাদেরকে অতিষ্ঠ করে তুলবে'। — আল-বায়ান

আর বালকটির ব্যাপার হল- তার মাতা-পিতা ছিল মু'মিন। আমরা শঙ্কা করলাম যে, সে তার বিদ্রোহমূলক আচরণ ও (আল্লাহর প্রতি) কুফুরী দ্বারা তাদেরকে কষ্ট দেবে। — তাইসিরুল

আর কিশোরটি, তার মাতাপিতা ছিল মু'মিন - আমি আশংকা করলাম যে, সে বিদ্রোহাচরণ ও কুফরীর দ্বারা তাদের বিব্রত করবে। — মুজিবুর রহমান

And as for the boy, his parents were believers, and we feared that he would overburden them by transgression and disbelief. — Sahih International

* তাঁর আশংকা নিছক ধারণা ভিত্তিক ছিল না. বরং আল্লাহর পক্ষ থেকে তিনি নিশ্চিত জানতে পেরেছিলেন।

৮০. আর কিশোরটি— তার পিতামাতা ছিল মুমিন। অতঃপর আমরা আশংকা করলাম যে, সে সীমালজ্ঘন ও কুফরীর দ্বারা তাদেরকে অতিষ্ঠা করে তুলবে।(১)

(১) হাদীসে এসেছেঃ যে বালককে খাদির 'আলাইহিস সালাম হত্যা করেছিলেন, সে কাফের হিসেবে লিখা হয়েছিল। যদি বড় হওয়ার সুযোগ পেত তবে পিতা-মাতাকে কুফরী ও সীমালংঘনের মাধ্যমে কষ্ট দিয়ে ছাড়ত। [মুসলিমঃ ২৬৬১]

তাফসীরে জাকারিয়া

(৮০) আর বালকটির (কথা এই যে,) তার পিতা-মাতা ছিল বিশ্বাসী। আমি আশংকা করলাম যে, সে বিদ্রোহাচরণ ও অবিশ্বাস দ্বারা তাদেরকে বিব্রত করবে।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2220

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন